

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১৪, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৯/১৪ ফেব্রুয়ারি ২০২৩

নং ১৭.০০.৬১৭২.০৩৫.৮৬.৩৩৩.২১-১৬৬।—বিজ্ঞ নির্বাচনি আপীল ট্রাইবুনাল, ময়মনসিংহ
নির্বাচনি আপীল মোকদ্দমা নং ০৮/২০২২ এর ৩০ নভেম্বর ২০২২ তারিখের রায় ও আদেশে নির্বাচনি
আপীল মোকদ্দমাটি না-মঙ্গুর করত নির্বাচন মোকদ্দমা নং ১৩/২০২২ এর ০২ অক্টোবর ২০২২
তারিখের প্রদত্ত আদেশ বহাল রাখায় বিজ্ঞ নির্বাচনি ট্রাইবুনালের আদেশ অনুযায়ী ময়মনসিংহ জেলার
নান্দাইল উপজেলাধীন ৭নং মুশুল্লী ইউনিয়ন পরিষদের ০৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ইতিপূর্বে
২৭ জানুয়ারি ২০২২ তারিখে মোঃ হাবিকুল ইসলাম এর নামে প্রকাশিত গেজেট বাতিল করে
দরখাস্তকারী জনাব মুহাম্মদ রমজান ভুঝা-কে বিজয়ী ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র
অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৭ জানুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত
সংখ্যায় ২৭০৩নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘মুশুল্লী’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোঃ
হাবিকুল ইসলাম, পিতা: মোঃ চাঁন মিয়া, গ্রাম: মেরেংগা’ এর পরিবর্তে ‘মুহাম্মদ রমজান ভুঝা, পিতা-
মৃত মোঃ জাহের উদ্দিন ভুঝা, গ্রাম: মেরেংগা’ শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২২৩৭)

মূল্য : টাকা ৪.০০